



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 20



**Class: 4**

**Subject: Bengali Text (আমাদের বাসভূমি)**

**Date: 25/11/20**

১। গাছ কিভাবে ভূমিক্ষয় নিবারণ করে ?

উঃ গাছ শিকড়ের সাহায্যে মাটি থেকে প্রয়োজনীয় জল ও খাদ্য গ্রহণ করে। এই শিকড় জল ও খাদ্যের জন্য মাটির অনেক গভীরে চলে যায়। গাছ যত বড় হয় তার শিকড়গুলো মাটির অনেক নিচে চলে যায়। বৃষ্টির সময় মাটি ধুয়ে নদীতে ওসমুদ্রে চলে যায়। কিন্তু গাছের শিকড় মাটিকে আঁকড়ে থাকে বলে মাটি ধুয়ে যেতে পারে না, এইভাবে গাছ ভূমিক্ষয় নিবারণ করে।

২। 'গাছ আমাদের বন্ধু'---এবিষয়ে কয়েকটি বাক্যে বুঝিয়ে দাও।

উঃ মানুষ ও প্রাণীজগতের বেঁচে থাকার জন্য গাছের উল্লেখযোগ্য অবদান আছে।

প্রাণীজগতের বেঁচে থাকার জন্য অক্সিজেনের জোগান দেয় গাছ। গাছ থেকে আমরা খাদ্য পেয়ে থাকি। গাছ আবহাওয়াকে ঠান্ডা রাখে। বৃষ্টিপাত ঘটাতে গাছের ভূমিকা অপরিসীম। গাছের কাঠ থেকে আমরা আসবাবপত্র বানাই। তাই গাছ আমাদের বন্ধু।

৩। বৃক্ষরোপন উৎসব কী? এই উৎসব আমরা কিভাবে পালন করি?

উঃ স্বাধীন ভারতে প্রথম বৃক্ষরোপন উৎসব বা বনোমহোৎসব অনুষ্ঠিত হয়েছিল ১৯৫০ সালে।

তারপর থেকে প্রতিবৎসর ভারতের সর্বত্র ইহা পালন করা হয়। এই বৃক্ষরোপন উৎসব

উপলক্ষ্যে সরকারী বনবিভাগ থেকে প্রতি বৎসর নানারকম গাছের অসংখ্য চারা

জনসাধারণের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়। জনসাধারণের মধ্যে এবৃক্ষরোপনের চেতনা

বৃদ্ধি করার জন্য এই উৎসবের সার্থকতা। তবে বৃক্ষরোপনকে শুধু একটি সাময়িক উৎসব

হিসাবে উদযাপন করা উচিত নয়। একে আমাদের জীবনের অপরিহার্য প্রয়োজন হিসাবে গ্রহণ

করতে হবে।

৪। 'মানুষের বসবাসের জন্য একমাত্র নিরাপদ গ্রহ হল পৃথিবী'---এই বিষয়ে তোমার কয়েকটি

মতামত লেখ।

উঃ মানুষ তথা প্রাণীদের বসবাসের জন্য একমাত্র নিরাপদ ও উপযুক্ত গ্রহ হল পৃথিবী, তার কারণগুলি হল:-

পৃথিবীর বায়ুমন্ডলে অক্সিজেন আছে। পৃথিবীতে গাছপালা ও খাদ্য আছে। পৃথিবীতে জল আছে।

পৃথিবীর তাপমাত্রা মানুষ ও প্রাণীদের থাকার জন্য যথেষ্ট উপযোগী।

Manashi Chaudhuri